

কালের কণ্ঠ

www.kalerkantho.com

দৈনিক কালের কণ্ঠ, ২০১৯-০৬-২৬, পৃষ্ঠা- ০৮



সন্তান লালনে লৈঙ্গিক সমতা বিষয়ে তিন দিনব্যাপী এক চিত্র প্রদর্শনীর আয়োজন করেছে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। গতকাল আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত শারলটা স্লাইটার ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। সুইডেন দূতাবাস এবং সুইডিশ ইনস্টিটিউট অ্যালামনি নেটওয়ার্ক ফর বাংলাদেশ-এর সহযোগিতায় শুরু হওয়া এ প্রদর্শনী ২৫ থেকে ২৭ জুন পর্যন্ত চলবে। সংবাদ বিজ্ঞপ্তি।

